DIO NIC

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

গনপতিনগর :: পোষ্ট - উত্তর সোনামুই :: থানা- তমলুক :: জেলা- পূর্ব মেদিনীপুর

পত্রাঙ্ক নং- 222/B-O-B/7/1/P-11/PM2P/18 তারিখ 26/11/2018

বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারনকে জানানো যায় যে, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের পরিচালনাধীন পাঁশকুড়া দৈনিক স্টেশন বাজারের ইজারা আদায়ের অনুমতি প্রকাশ্য নীলামের মাধ্যমে দেওয়া হইবে । প্রকাশ্য নীলাম ডাক আগামী ১১.১২.২০১৮ তারিখ মঙ্গলবার দুপুর ১.৩০ মিনিটে পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হইবে । উক্ত ডাকে অংশগ্রহন করিতে ইচ্ছুক সর্বসাধারন উল্লিখিত সময়ে ও স্থানে উপস্থিত হইয়া নিজ নিজ নামে ডাক দিবেন । এক্ষেত্রে সর্বসাধারন ডাকে অংশগ্রহন করিতে পারিবেন ।

প্রকাশ থাকে যে উক্ত বাজারের নীলাম ডাকে নূন্যতম সরকারী ধার্য্য হইয়াছে ৪০,৬০,০০০.০০ (চল্লিশ লাখ ষাট হাজার) টাকা । যারা উক্ত নীলাম ডাকে অংশগ্রহন করিবেন তাঁদের উক্ত আমানত বাবদ ৪,০৬,০০০.০০ টাকা (চার লক্ষ ছয় হাজার) টাকা নীলাম ডাকের পূর্বে Bank draft এ জমা দিতে হইবে । নীলাম ডাকের পরে সর্বোচ্চ প্রথম দ্বিতীয় এবং তৃতীয় ডাককারী ব্যাতিরেকে অন্যান্য ডাককারীদিগকে ঐ আমানতের অর্থ সঙ্গে সঙ্গে ফেরৎ দেওয়া হইবে । **যে সমস্ত নিয়মে নীলাম ডাক সম্পন্ন হইবে তাহা সংক্ষেপে নিম্নে প্রদত্ত হইল**

১। পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ পরিচালনাধীন পাঁশকুড়া দৈনিক স্টেশন বাজারটি আগামী ১লা পৌষ ১৪২৫ থেকে ৩০শা অগ্রহায়ন ১৪২৬ বাংলা সন পর্যন্ত (এক বছরের জন্য) নীলাম ডাক করা হইবে । বাজারের ইজারা আদায়ের ভার কেবল মাত্র ১লা পৌষ ১৪২৫ থেকে ৩০শা অগ্রহায়ন ১৪২৬ বাংলা সন পর্যন্ত (এক বছরের জন্য) থাকবে ।

২। উক্ত নীলাম ডাক সর্বোচ্চ বিধায় গৃহীত হইলে উক্ত ডাককারীকে ডাকের সমূহ অর্থ নগদে অথবা Bank draft এ তৎক্ষনাৎ অত্র অফিসে জমা দিতে হইবে ।

৩। প্রথম সর্বোচ্চ ডাককারী যদি তার ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে জেলা পরিষদ অফিসে জমা দিতে না পারেন তবে দ্বিতীয় সর্বোচ্চ ডাককারীকে তার ডাকের সমূহ অর্থ মিটিয়ে ইজারা পাওয়ার সুযোগ দেওয়া হইবে । যদি তিনি তার ডাকের সমূহ অর্থ সঙ্গে সঙ্গে মিটিয়ে দিতে না পারেন অনুরূপভাবে তৃতীয় সর্বোচ্চ ডাককারীকে সুযোগ দেওয়া হইবে এবং এই প্রক্রিয়া পর্যায়ক্রমে চলিতে থাকিবে । তবে যদি পাশাপাশি ডাককারীর মধ্যে খুব বেশী টাকার পার্থক্য থাকে তবে সে ক্ষেত্রে জেলা পরিষদ কতৃপক্ষ ডাক বাতিল বলিয়া ঘোষনা করিতে পারিবেন । সর্বোচ্চ ডাকের সমূহ অর্থ তৎক্ষনাৎ জমা না দিলে তার জমা দেওয়া আমানৎ অর্থ বাজেয়াপ্ত হইবে । তখন দ্বিতীয় ও তৃতীয় ডাককারীকে পর্যায়ক্রমে অনুরূপ সুযোগ প্রদান করা হইবে । আমানত অর্থ বাজেয়াপ্ত করার ক্ষেত্রে একই নিয়ম প্রযুক্ত হইবে । সরকারী ডাকের অর্থ Bank Draft এ State Bank of India, Tamluk Rly,Station Branch এর উপর Financial Controller & Chief Accounts Officer, Purba Meidnipur Zilla Parishad এর অনুকুলে প্রস্তুত করিয়া নিয়ে আসিতে পারিবেন । কিন্তু সর্বোচ্চ ডাকের অর্থ তৎক্ষনাৎ জমা দিতে হইবে । কোনরূপ ওজর আপত্তি শোনা হইবে না ।

৪। ডাক চলাকালীন সময় প্রয়োজন বোধে কর্তৃপক্ষ সভায় টাকা দর্শানোর জন্য বলিতে পারিবেন এবং ডাককারী তাহা দর্শাইতে বাধ্য থাকিবেন । যদি টাকা দর্শাইতে না পারেন তাহলে তাকে পরবর্তী রাউন্ড থেকে শেষ রাউন্ড পর্যন্ত ডাক দিতে দেওয়া হইবে না ।

৫। কোনরূপ কারন না দর্শাইয়া কোন ডাক গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা কর্তৃপক্ষের থাকিবে । জেলা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলিয়া গন্য হইবে ।

৬। যে সকল ডাককারী ডাক করিয়া পরবর্তীকালে উক্ত বাজারের ইজারা লইতে অস্বীকার করিবেন বা পুরো টাকা দিতে না পারিবেন তাহাদের অগ্রিম জমা টাকা বাজেয়াপ্ত করা হইবে এবং তাঁরা তাদের ডাকের পরিমান অর্থ তথা ঐ সময় কালীন খাজনার টাকার জন্য দায়ী হইবেন । প্রতারনার জন্য দন্ডবিধি আইনানুসারে দন্ডনীয় হইবেন এবং পরবর্তী কালে উক্ত বাজার পুনরায় নীলাম ডাক হইলে তাহাতে জেলা পরিষদের যে পরিমান অর্থ ক্ষতি হইবে তাহার জন্য দায়ী থাকিবেন ।

৭। যদি কোনো ডাককারী নিজ নাম গোপন করিয়া কাল্পনিক নামে ডাক করেন অথবা নোটিশের এবং এগ্রিমেন্টের শর্ত অথবা কর্তৃপক্ষের ও জেলা পরিষদের আদেশাদি পালন না করেন অথবা অন্য কোন প্রকারে জেলা পরিষদকে প্রতারিত করিবার চেষ্টা করিয়াছেন বলিয়া প্রমানিত হয় তবে তিনি দন্ডবিধি আইন অনুসারে দন্ডনীয় হইবেন ।

৮। জেলা পরিষদের আইন অনুযায়ী ইজারাদার , বাজার দুইবেলা পরিষ্কার রাখিতে এবং পার্শ্বস্থ ড্রেন সকল সময়ে পরিষ্কার রাখিতে বাধ্য থাকিবেন । ইহা ইজারাদারের দায়িত্ব । ইহা পালন না করিলে ইজারাদারের ইজারা বাতিল বলিয়া গন্য হইবে ।

৯। বাজার ও রাস্তার উভয় পার্শে কোনরূপ চালা বা শেড নির্মান করা চলিবে না । যাত্রীবাহী বাস চলাচলে যাহাতে বিঘ্ন না ঘটে সেদিকে সজাগ দৃষ্টি রাখিতে হইবে ।

১০ । জেলা পরিষদ কর্তৃপক্ষ নির্দ্ধারিত টোল চার্ট অনুযায়ী বাজারের আমদানী ও রপ্তানি দ্রব্যের নির্দ্ধারিত মাসুল আদায় করিতে হইবে ।

১১। উক্ত বাজারের মধ্যে পানীয় জলের ব্যবস্থা রাখিতে হইবে । উক্ত বাজারের বৈদুত্যিক খরচ, বাজার সাপ্লাইয়ের আবর্জনা এবং ড্রেন পরিষ্কার সহ আবর্জনা ফেলার জায়গা এবং পরিষ্কার নিমিত্তযাবতীয় খরচ খরচা ইজারাদারকে বহন করিতে হইবে । এ ব্যাপারে জেলা পরিষদ কোনভাবে আর্থিক দায়িত্ব বহন করিবে না ।

১২। জেলা পরিষদ জনস্বার্থে পরবর্তী কালে অন্য যে কোন শর্ত আরোপ করিতে পারিবেন । ইহা মানিয়া চলা ইজারাদারের বাধ্যতামূলক কর্তব্য ।

১৩। বাজারে নীলাম ডাক জেলা পরিষদের অনুমোদনের পর দখল দেওয়া হইবে । যদি নীলাম ডাক কর্তৃপক্ষের অনুমোদন না পায় তাহলে পুনরায় নীলাম ডাক হইবে । নীলাম ডাকের আইন মোতাবেক কার্যকর হইবে । উক্ত বাজারের ইজারা বিলি জেলা পরিষদ কর্তৃপক্ষের মঞ্জুরী সাপেক্ষ ।

১৪। যিনি ইজারাদার নিযুক্ত হইবেন, তিনি জেলা পরিষদের নির্দিষ্ট এগ্রিমেন্ট সম্পাদন করিয়া দিবেন । অন্যথায় উক্ত বাজারের দখলী পরোয়ানা দেওয়া যাইবেনা । যিনি এই পরোয়ানা না লইয়া দখল করিবেন, তিনি অনধিকার প্রবেশের জন্য দন্ডনীয় হইবেন ।

১৫। যিনি ইজারাদার নিযুক্ত হইবেন, তিনি পরবর্তী সময়ে (তার ইজারার সময়) বাজারের মাসুল, ইজারা ইত্যাদি আদায়ে ক্ষতির সম্মুখীন হইলে জেলা পরিষদ কর্তৃপক্ষ ক্ষতিপূরনে বাধ্য থাকিবেন না ।

26/11/2018

সচিব

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

পত্রাঙ্ক নং- 222/1(84)/B-0-B/7/1/P-11/PM2P/18 তারিখ 26/11/2018

প্রতিলিপি অবগতি ও বিহিতের জন্য প্রেরিত হল :

১. মাননীয় সভাধিপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
২. মাননীয়া জেলা শাসক, পূর্ব মেদিনীপুর
৩. মাননীয় সহকারী সভাধিপতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
৪. মাননীয় অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
৫. মাননীয়/ মাননীয়া কর্মাধ্যক্ষ.............................(সকল) স্থায়ী সমিতি, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
৬. ....সদস্য/সদস্যা প্রকাশ্য নীলাম ডাক কমিটি, মহাশয়/মহাশয়াকে উক্ত নীলাম ডাকে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানিয়ে প্রেরন করা হইল ।
৭. মাননীয় আরক্ষাধ্যক্ষ, পূর্ব মেদিনীপুর
৮. মাননীয় অর্থ নিয়ন্ত্রক ও মুখ্য হিসাব অধিকারিক, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
৯. মাননীয়/ মাননীয়া মহকুমা শাসক তমলুক/হলদিয়া/কাঁথি/এগরা, পূর্ব মেদিনীপুর
১০. মাননীয়/ মাননীয়া সভাপতি ও নির্বাহী আধিকারিক (সকল) পঞ্চায়েত সমিতি
১১. মাননীয় প্রধান পাঁশকুড়া-১ গ্রাম পঞ্চায়েত তাঁকে অনুরোধ জানিয়ে পাঠানো হল যে উক্ত দিনে নীলাম ডাকের জন্য বহুল প্রচারের নিমিত্ত উক্ত এলাকায় মাইক দ্বারা প্রচার এর ব্যবস্থা করিয়া একটি শংসাপত্র অত্র অফিসে পাঠিয়ে দেবেন ।
১২. মাননীয়/ মাননীয়া পৌরপিতা পাঁশকুড়া/তমলুক/হলদিয়া/কাঁথি/এগরা পৌরসভা
১৩. মাননীয় অফিস অধিক্ষক/প্রধান সহায়ক/গাননীক/কোষাধ্যক্ষ, পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ
১৪. ....সাং.............................পো:.............................জেলা - পূর্ব মেদিনীপুর উক্ত তারিখে উক্ত বাজারের প্রকাশ্য নিলাম ডাক নিমিত্ত বিজ্ঞপ্তিটি আপনার জ্ঞাতার্থে পাঠানো হইল ।
১৫. মাননীয় ডি.আই.সি.ও, পূর্ব মেদিনীপুর
১৬. DIO, NIC পূর্ব মেদিনীপুর তাঁকে এই বিজ্ঞপ্তিটি Purba Medinipur District এর web site-এ প্রকাশের অনুরোধ জানিয়ে প্রেরন করা হইল ।
১৭. মাননীয় ব্রাঞ্চ ম্যানেজার, SBI Tamluk Rly Station Br. মহাশয়কে নীলামের তারিখটিতে বিকেল ৫.০০ টা পর্যন্ত নিলাম অর্থ জমা নেওয়ার ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হচ্ছে ।
১৮. নোটিশ বোর্ড

26/11/2018

সচিব

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদ

E:\RM_BOB\15-11-2018 Panskura station Bazar Notice